

সরকারী শিপিং অফিস
চট্টগ্রাম।
ডায়েরী নং.....২৭৬০
তারিখ.....২৬/০২/২০২০
স্বাক্ষর.....

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
জাহাজ শাখা
www.mos.gov.bd

নং- ১৮.০০.০০০০.০২৪.০৬.০০১.১৯-২৬

তারিখ: ০৫ মাঘ, ১৪২৬ বঙ্গাব্দ
১৯ জানুয়ারি, ২০২০ খ্রিঃ

প্রজ্ঞাপন

নৌপরিবহন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রীর সভাপতিত্বে ৩০-০৯-২০১৯খ্রিঃ তারিখে নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর এর সার্বিক উন্নয়ন, আর্থিক ও প্রশাসনিক বিষয়ে অনুষ্ঠিত সভার ২নং সিদ্ধান্তের প্রেক্ষিতে ১৯৯৮খ্রিঃ সন হতে এ যাবত বিদেশের বন্দরে পলাতক ও শৃঙ্খলা ভংগের দায়ে দোষী সাব্যস্ত হয়ে সিডিসি বাতিলকৃত নাবিকদের (রেটিং) ডেফার্ড ক্রেডিট ও গ্র্যাচুয়িটি স্কীমের দাবিদার বিহীন টাকা এতদ্বারা বাজেয়াপ্ত করা হলো।

২। শিপিং মাস্টার, সরকারী সমুদ্র পরিবহন অফিস, চট্টগ্রাম উক্ত বাজেয়াপ্তকৃত অর্থ রূপালী ব্যাংক লিঃ, নিউমার্কেট শাখা, চট্টগ্রাম এ "সীম্যান্স ওয়েলফেয়ার ফান্ড" শিরোনামাধীন সঞ্চয়ী হিসাব নং- ১০৬৭৪ মূলে জমা করে একটি পূর্ণাঙ্গ তালিকা পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর বরাবরে প্রেরণ করবে।

৩। ভবিষ্যতে কোন নাবিক বিদেশের বন্দরে পলায়ন করলে বা শৃঙ্খলা ভংগের দায়ে দোষী সাব্যস্ত হলে সিডিসি বাতিল হয়ে তাদের ডেফার্ড ক্রেডিট ও গ্র্যাচুয়িটি স্কীমের টাকা প্রত্যেক অর্থ বছরের ৩০ শে জুন এর পরে ১৫ কার্যদিবসের মধ্যে সীম্যান্স ওয়েলফেয়ার ফান্ডের হিসাবে জমা করে প্রতিবেদন নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তরে প্রেরণ করবে।

৪। ইহা যথাযথ কর্তৃপক্ষের নির্দেশক্রমে জারি করা হল।

স্বাক্ষরিত/-

(এ.টি.এম. আজহারুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫৬১৭

তারিখঃ ১৯ জানুয়ারি ২০২০

বিতরণঃ

- ১। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা।
- ২। পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম।
- ৩। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। শিপিং মাস্টার, সরকারী সমুদ্র পরিবহন অফিস, আগ্রাবাদ, চট্টগ্রাম।

প্রনিলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(এ.টি.এম. আজহারুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫৬১৭

Proggapon(7)

৬৬৪